# সাক্ষী হওয়া

ফৌজদারী মকদ্দমায় জড়িত

**অল্পবয়সী ছেলেমেয়েদের জন্য পুস্তিকা**

# সাক্ষী হওয়া

ফৌজদারী মকদ্দমায় জড়িত
**অল্পবয়েসী ছেলেমেয়েদের জন্য পুস্তিকা**

স্প্রিংবার্নের (Springburn) অ্যালবার্ট প্রাইমারি স্কুলের (Albert Primary School) এবং পোলকশিল্ডস্ (Pollokshields)-এর গ্লেনডেল প্রাইমারি স্কুলের (Glendale Primary School) বাচ্চাদের বিশেষ ধন্যবাদ।

ছবি এঁকেছেন ইলিনর মেরিডিথ (Eleanor Meredith),
ডানকান অফ্ জর্ডানস্টোন কলেজ অফ্ আর্ট এন্ড ডিজাইন (Duncan of Jordanstone College of Art and Design), ইউনিভার্সিটি অফ ডান্ডী (University of Dundee)

স্কটিশ একজিকিউটিভের (Scottish Executive) পক্ষে এটি প্রস্তুত করেছেন অ্যাসট্রন (Astron) B41391 06/05
জুন 2005-এ স্কটিশ একজিকিউটিভ (Scottish Executive) এটির প্রকাশ করেছেন
পুনরাবর্তিত কাগজে এই দলিলের 100%ভাগ মুদ্রিত হয়েছে এবং এর 100% ভাগ পুনরাবর্তনযোগ্য

# সূচীপত্র


01 ভূমিকা

02 সাক্ষী বলতে কি বোঝায়?

04 তোমার সাক্ষী হ'তে কেমন লাগে?

06 কে তোমাকে সাহায্য করতে পারে?

08 তুমি আদালতে যাবার আগে কি হয়?

09 আদালত

10 আদালতে কে থাকেন এবং তাদের কি কাজ?

12 বিচার - তোমাকে কি করতে হবে

14 তুমি যা জান তা আদালতকে বলা

16 আদালত কক্ষে কাউকে সনাক্ত করা

17 সাক্ষ্য দিতে তোমাকে সাহায্য করার জন্য বিশেষ ব্যবস্থা

18 টেলিভিশন সংযোগের ব্যবহার

20 স্ক্রীনের ব্যবহার

22 কোনো পৃষ্ঠপোষককে সঙ্গে রাখা

23 তোমার সাক্ষ্যদানে সাহায্য করার জন্য অন্যান্য বিশেষ ব্যবস্থা

24 কোনো বিশেষ ব্যবস্থা বেছে নেওয়া

25 আদালত পরিদর্শন

26 সাক্ষ্য দেবার জন্য অপেক্ষা করা

27 তোমার সাক্ষ্যদান শেষ হয়ে গেলে তারপর কি হবে?

28 সাহায্য চাইবার কথা মনে রেখো

30 প্রশ্ন?

31 তোমার কি আর কোনো প্রশ্ন আছে?

32 পরিভাষা - এই শব্দগুলির অর্থ কি?

# ভূমিকা

**আদালতের একটি কেসে তুমি সাক্ষী হচ্ছ ব'লে তোমাকে এই পুস্তিকাটি দেওয়া হয়েছে।**

তুমি হয়ত এ ব্যাপারে একটা চিঠি পেয়েছ।

কিছু কিছু লোককে সাক্ষী হ'তে বললে তারা উদ্বিগ্ন বোধ করে।

কিছু কিছু লোক জানে না সাক্ষী হওয়া বলতে কি বোঝায়।

**এই পুস্তিকাটি সাক্ষী হবার বিষয়ে তোমাকে আরও অনেক কিছু জানাবে এবং কতগুলি গুরুত্বপূর্ণ প্রশ্নেরও উত্তর দিতে চেষ্টা করবে।**

আদালতে এমন সব শব্দ/ভাষা ব্যবহার করা হয় যা তুমি আগে কখনও শোননি। তোমার বোঝার জন্য, এই পুস্তিকার পেছনে এই সব শব্দ বা ভাষার একটি তালিকা দেওয়া হ'ল

# সাক্ষী বলতে কি বোঝায়?

**সাক্ষী হল সে যে গুরুত্বপূর্ণ কোনো বিষয় জানে।**

তুমি হয়ত কোনো অপরাধ সম্পর্কে কিছু দেখেছ বা শুনেছ অথবা অপরাধের কোনো ঘটনায় তুমি ক্ষতিগ্রস্ত হয়েছ।

তুমি হয়ত পুলিস বা কোনা আইনজীবীর সঙ্গে কথা বলেছ, তুমি যা জান তা তাদের বলেছ। একে বলা হয় বয়ান বা স্টেটমেন্ট দেওয়া।

পুলিসের অনুসন্ধান সব শেষ হয়ে গেলে, তারা প্রকিউরেটর ফিসক্যালের কাছে রিপোর্ট পাঠায়। প্রকিউরেটর ফিসক্যাল একজন আইনজীবী যার কাজ হ'ল কেসটিকে আদালতে নিয়ে যাওয়া হবে কি না সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়া।

**এখন তুমি যা জান তা হয়ত তোমাকে আদালতে বলতে হবে। একে বলা হয় তোমার 'সাক্ষ্য'।**

একবার যখন তুমি এবং অন্যান্য সাক্ষীরা তাদের সাক্ষ্য দিয়ে দিল, তখন সিদ্ধান্ত নেওয়া যেতে পারে যে কেউ অপরাধ করেছে কি না (অথবা আইনভঙ্গ করেছে কি না)।

**তোমার মত সাক্ষীদের কাছ থেকে তথ্যাবলীর সাহায্য নিয়েই আদালত সিদ্ধান্ত নিতে পারবে।**

# তোমার সাক্ষী হতে কেমন লাগে?

**অনেক লোক সাক্ষী হয়, সুতরাং তোমার নিজেকে একলা ভাবার কোনো কারণ নেই।**

সাক্ষী হওয়া খুবই গুরুত্বপূর্ণ ব্যাপার। এটা হ'ল সত্যি কথা বলা।

**কিছু লোক সাক্ষী হবার ব্যাপারে বা আদালতে যাবার ব্যাপারে অনেক কিছু জানে না। চিন্তা কোরো না। তোমাকে সাহায্য করার জন্যে অনেক কিছু করা যেতে পারে।**

তুমি একটা চিঠি বা আনুষ্ঠানিক উদ্ধৃতি বা সাইটেশন পাবে যার মাধ্যমে তোমাকে সাক্ষী হিসাবে পাবার জন্য তারিখ এবং সময় বলা হবে।

**সেই তারিখটা তোমার জন্য কেন অসুবিধাকর তার যদি কোনো জরুরী কারণ থাকে, উদাহরণস্বরূপ, হয়ত তখন তোমার স্কুলে পরীক্ষা হবে, সেকথা যত শীঘ্র সম্ভব আইনজীবীকে জানাবে।**

এখানে কতগুলি বিষয় দেওয়া হ'ল যে সম্বন্ধে ছোট ছেলেমেয়েরা প্রশ্ন করেছে।

**আদালতে কি হয়?**

**আদালতে কে থাকবে?**

**যাকে আমি ভয় পাই, তার সঙ্গে কি আমার দেখা হবে?**

**আমি কি সুরক্ষিত থাকব?**

**আমার কি নিজস্বত্ব (স্বাধীনতা) থাকবে?**

**আমি কি কোনো অন্যায় কাজ করেছি?**

**স্কুলে বা বন্ধুদের কাছে আমি কি বলব?**

**আমি যখন সাক্ষী হব তখন কে আমায় সাহায্য করতে পারবে?**

এই পুস্তিকার তথ্যাবলী এই প্রশ্নগুলির উত্তর দিতে সাহায্য করবে।

# কে তোমাকে সাহায্য করতে পারে?

**অনেক লোক আছে যারা তোমাকে সাহায্য করতে পারে।**

বন্ধুদের সঙ্গে কথা বললে হয়ত কখনও কখনও উপকার হয়, কিন্তু তুমি যদি তা না করতে চাও, তোমার পরিবারের কারুর সঙ্গে বা স্কুলে কারুর সঙ্গে কথা বলা তোমার অনেক সহজ ব'লে মনে হবে।

**কিছু লোকের কথা এখানে বলা হ'ল যাদের কাজই হ'ল তোমাকে সাহায্য করা ঃ**

**ভিকটিম সাপোর্টের** অনেক স্বেচ্ছাসেবী আছে যারা ফৌজদারী অপরাধে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের এবং কিছু কিছু সাক্ষীদেরও সাহায্য ক'রে থাকে, আদালতে কেসটি না উঠলেও।

**সমাজসেবী** হলেন তিনি যিনি সেইসব লোকেদের জন্য কাজ করেন যাদের অতিরিক্ত সহায়তা চাই। তারা তোমার কথা শুনবেন এবং তোমার প্রশ্নের উত্তর দিতে চেষ্টা করবেন।

**পুলিস** প্রায়শই কি ঘটছে সে বিষয়ে জানতে চেষ্টা ক'রে তোমাকে সাহায্য করতে পারেন এবং তোমার প্রশ্নেরও উত্তর দিতে চেষ্টা করতে পারেন।

**প্রকিউরেটর ফিসক্যাল**ও তোমাকে সাহায্য করতে পারেন। যখন তারা তোমার সাক্ষ্য সম্বন্ধে প্রশ্ন করেছেন তখন তুমি হয়ত তাদের সঙ্গে কথা বলেছ। তারা তোমাকে আদালতের কেসটি সম্পর্কে বুঝিয়ে বলবেন এবং বলবেন কি ঘটবে।

কিছু কিছু সাক্ষীদের জন্য **ভিআইএ (VIA)** একটি পরিষেবা। ভিআইএ-র সম্পূর্ণ কথাটি হ'ল **ভিকটিম ইনফরমেশন এন্ড অ্যাডভাইস** (অপরাধে ক্ষতিগ্রস্ত ব্যক্তির জন্য তথ্য এবং পরামর্শ) এবং ভিআইএ-র লোকেরা বেশির ভাগ লোক যারা সাক্ষ্য দেয় তাদের তথ্য ও পরামর্শ দেবার জন্য প্রকিউরেটর ফিসক্যালের সাথে কাজ করে। হয়ত, ভিআইএ থেকে কেউ তোমাকে এই পুস্তিকাটি পাঠিয়েছে। তারা তোমাকে আদালতের বিষয়ে কয়েকটি প্রচারপত্রও পাঠিয়ে থাকবে এবং কি ঘটছে সে বিষয়ে তোমার সব প্রশ্নের উত্তর দেবার চেষ্টা করবে।

**কোনো আইনজীবী** তোমাকে হয়ত সাক্ষ্য দিতে বলেছেন। তুমি তাকে তোমাকে সাহায্য করার জন্য বলবে।

**উইটনেস সার্ভিসও** তোমাকে সাহায্য করতে পারে। প্রত্যেকটি শেরীফ আদালতে এবং উচ্চ আদালতে উইটনেস সার্ভিস আছে। উইটনেস সার্ভিসের লোকেদের কাজ হ'ল সাক্ষীদের এবং তাদের পরিবারদের সাহায্য ও সমর্থন যোগানো। তুমি ফোনে হয়ত তাদের সঙ্গে কথা বলেছ বা যখন আদালতে গিয়েছিলে তখন তাদের সঙ্গে তোমার দেখা হয়েছিল।

# তুমি আদালতে যাবার আগে কি হয়?

**প্রকিউরেটর ফিসক্যাল বা আইনজীবী তোমাকে প্রশ্ন জিজ্ঞাসা করতে চাইতে পারেন। একে বলা হয়, ‘প্রিকগনিশন’ যার ফলে সমস্ত সাক্ষ্যপ্রমাণ সম্বন্ধে অনুসন্ধান করতে তাদের সুবিধা হয় এবং আদালতে কেসটি নিয়ে যাবার প্রস্তুতিতে সাহায্য হয়।**

তারা তোমাকে চিঠি পাঠিয়ে বলবেন কখন তারা চান তুমি এসে তাদের সঙ্গে দেখা কর। সঙ্গ দেবার জন্য এবং সহায়তা দেবার জন্য তুমি বড় কাউকে সঙ্গে আনতে পার। প্রকিউরেটর ফিসক্যালকে জিজ্ঞাসা ক'রে নাও বৈঠক চলার সময় এই ব্যক্তি কি তোমার পাশে ব'সে থাকতে পারবেন।

অন্যান্য আইনজীবীরাও (উকিল) তোমার সঙ্গে কথা বলতে চাইবেন এবং তুমি চিন্তা ক'রে নেবে কোথায় তুমি তাদের সঙ্গে দেখা করতে চাও। কোনো কোনো অল্পবয়সী ছেলেমেয়েরা চায় উকিল তাদের বাড়িতে এসে তাদের সঙ্গে দেখা করুন; অন্যরা উকিলদের সঙ্গে তাদের অফিসে দেখা করতে চায়। তুমি এ ব্যাপারটা স্থির ক'রে নেবে। যে সময় তোমার জন্য সবচেয়ে সুবিধেজনক সেই সময়ের কথাও তুমি বলতে পারো। এক্ষেত্রেও একজন তোমার সঙ্গে তোমার পাশে ব'সে থাকতে পারে, যদি না সে আর একজন সাক্ষী হয়।

**যখন প্রকিউরেটর ফিসক্যাল বা অন্যান্য উকিলরা তোমাকে প্রশ্ন জিজ্ঞাসা করবেন, তুমি সব সময় সত্যি কথা বলবে।**

এই পুস্তিকাটি পড়ার পরও তোমার কিছু প্রশ্ন থাকতে পারে। প্রকিউরেটর ফিসক্যাল বা উকিল তোমার জন্য তার উত্তর দিতে চেষ্টা করবেন।

# আদালত

সারা স্কটল্যান্ড জুড়ে অনেক আদালত আছে এবং তারা বিভিন্ন ধরণের কেস নিয়ে কাজ করে। ফৌজদারী আদালত সেই কেস দেখে যখন কেউ আইনভঙ্গ করার অপরাধে অভিযুক্ত হয়।

**আদালতের প্রধান হচ্ছেন বিচারক। কোনো কোনো আদালতে, বিচারকদের 'শেরীফও' বলা হয়।**

তারা এটা নিশ্চয় ক'রে দেখবেন যে সব সাক্ষীরা, যাদের মধ্যে রয়েছে অল্পবয়সী সাক্ষী, যেন তারা যা জানে সব আদালতে প্রকাশ করতে পারে। বিচারক তোমার ''সাক্ষ্য'' মন দিয়ে শুনবেন এবং আইন ভঙ্গ করা হয়েছে কি না এবং এর পরে কি করা হবে সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন।

অধিকাংশ আদালত হ'ল বিলডিং যেখানে ভেতরে একাধিক আদালত কক্ষ বা কোর্টরুম আছে।

# আদালত কক্ষে কে থাকেন এবং তাদের কি কাজ?

**বিচারক অথবা শেরীফ সবসময়ে আদালতে থাকেন।** তাদের কাজের সবচেয়ে জরুরী অঙ্গ হ'ল দেখা যে সবকিছু পক্ষপাতশূণ্যভাবে করা হয়েছে এবং আদালতের নিয়ম পালন করা হচ্ছে।

**প্রকিউরেটর ফিসক্যাল অথবা আইনজীবী ঃ** এরা সাক্ষীদের প্রশ্ন জিজ্ঞাসা করেন যাতে সাক্ষীরা সাক্ষ্য দিতে পারে। তারা আদালতকে অন্যান্য প্রমাণও দেখাতে পারেন যেমন ফোটোগ্রাফ।

**ক্লার্ক (করণিক) ঃ** আদালতের কাগজপত্র ও রেকর্ড রাখার দায়িত্ব নেন এই ব্যক্তি।

**কোর্ট অফিসার (কখনও মেসার নামেও অভিহিত হন) ঃ** আদালতে বিচারককে এবং অন্যান্য ব্যক্তিকে সাহায্য করার দায়িত্ব এর। কোর্ট অফিসার সাক্ষীদের জানান সাক্ষ্য দেবার পালা কার কখন আসবে।

**জুরি ঃ** কোনো কোনো কেসে জুরিরাই সিদ্ধান্ত নেন আইন ভঙ্গ করা হয়েছে কি না। জুরির মধ্যে 15 জন ব্যক্তি থাকেন যার কেস শুরু হবার আগে পর্যন্ত কেস সম্বন্ধে কিছুই জানতে পারেন না। তার সাক্ষ্য মন দিয়ে শুনবেন এবং আইন বাস্তবিকই ভঙ্গ করা হয়েছে কি না তা স্থির করবেন।

**অভিযুক্ত ব্যক্তি ঃ** আইনভঙ্গ করার অপরাধে এই ব্যক্তি দোষী ব'লে অভিযুক্ত হয়েছে। সে সবসময় আদালত কক্ষে থাকবে এবং সব কিছু দেখতে ও শুনতে পারবে।

**জনতা ঃ** আদালত জনতার জন্য উন্মুক্ত থাকে সুতরাং অনেক লোক আদালত কক্ষের পিছনের সারিতে ব'সে সাক্ষীদের ও উকিলদের কথাবার্তা শোনে।

**আদালত পুলিস বা নিরাপত্তা অফিসার ঃ** এরা আদালত কক্ষে থেকে সুনিশ্চিত করেন যে সাক্ষীরা, আদালত কর্মীরা এবং জনতা ভদ্র ব্যবহার করছে ও সুরক্ষিত আছে।

# বিচার - তোমাকে কি করতে হবে

অপরাধে অভিযুক্ত ব্যক্তি যদি বলে যে সে দোষী, তোমাকে তাহ'লে হয়ত আদালতে আসতে হবে না - বা কোনো প্রশ্নের উত্তর দিতে হবে না বা কোনো সাক্ষ্য দিতে হবে না।

যদি অপরাধে অভিযুক্ত ব্যক্তি বলে যে সে দোষী নয়, তাহ'লে বিচার হবে এবং তোমার কাজ হ'ল তুমি যা জান আদালতে তা বলা।

বিচারকের সাক্ষীর দরকার, যারা সাক্ষ্যপ্রমাণ দেবে, যাতে কি ঘটেছিল তার একটা চিত্র গড়ে তোলা যায়। সাক্ষী ছাড়া, বিচারক এবং কখনও কখনও জুরিরা জানতে পারবেন না কি ঘটেছিল এবং কেস সমাপ্ত হবার সময় কোনো উপযুক্ত সিদ্ধান্ত নিতে পারবেন না।

একে একে, সাক্ষীরা আদালতকে বলবে কি ঘটনা ঘটেছিল অথবা তারা কি জানে। এটাই তাদের সাক্ষ্য দেওয়া।

**তোমাকে সাক্ষ্য দিতে সাহায্য করার জন্যে তোমাকে প্রশ্ন জিজ্ঞাসা করা হবে, সাধারণতঃ প্রশ্ন জিজ্ঞাসা করবেন প্রকিউরেটর ফিসক্যাল এবং উকিলরা। বিচারকও তোমাকে প্রশ্ন করতে পারেন।**

প্রকিউরেটর ফিসক্যাল বা উকিলরা (আইনজীবীরা) তোমাকে কোনো ব্যাপারে প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন যা তোমার সঙ্গে বা অন্য কারুর সঙ্গে ঘটেছিল। অথবা তারা তোমাকে এমন কোনো বিষয়ে জিজ্ঞাসা করতে পারেন যা তুমি দেখেছ বা শুনেছ।

**তুমি মন দিয়ে শুনবে এবং তোমার সাধ্যমত যতটা সম্ভব নির্ভুলভাবে প্রশ্নের উত্তর দেবার চেষ্টা করবে।**

**সাক্ষী হিসাবে তোমার কাজ হ'ল সততার সঙ্গে প্রশ্নের উত্তর দেওয়া এবং তুমি যা জান আদালতকে তা বলা।**

কিছু কিছু প্রশ্নের উত্তর দেওয়া শক্ত হতে পারে বা কোনো গোপন বিষয় এতে বলতে হ'তে পারে। এটা কিছু নয়। তোমার মনে থাকবে যে আদালতে লোকেরা প্রায়ই ব্যক্তিগত বিষয়ের কথা বলে এবং আদালতে সবাই বুঝবে এসব বলতে তোমার কি মনে হচ্ছে। তুমি ধীরে সুস্থে সত্য কথা বলে যাবে।

প্রকিউরেটর ফিসক্যাল এবং উকিল তুমি যা বললে তা পরীক্ষা ক'রে দেখে নিতে চাইবেন। তুমি যা বললে তা সত্যি কি না পরীক্ষা ক'রে দেখার জন্য তারা একই প্রশ্ন বার বার করবেন। এটা স্বাভাবিক। তুমি সব সময়ে যে কথা ভাববে তা হ'ল আদালতকে সত্য বলা।

# তুমি যা জান তা আদালতকে বলা

**বিচারক এবং আইনজীবীরা (উকিলরা) জানেন না কি ঘটেছিল। তুমি যা জান আদালতকে সে কথা ব'লে তোমার তাদের সাহায্য করা দরকার।**

কতগুলি জরুরী বিষয় আছে যার সাহায্যে এটি খুব সহজে করতে পারা যায়।

- প্রত্যেক প্রশ্ন **সবসময় মন দিয়ে শুনবে।** প্রশ্নটির উত্তর দাও কিন্তু তাড়াহুড়ো করার চেষ্টা কোরো না।

- **পরিষ্কার ক'রে কথা বল।** যদি তুমি পরিষ্কার ক'রে কথা বল বিচারক তোমার সব কথা ঠিকমত শুনবেন এবং তিনি তোমাকে আবার সব বলতে বলবেন না।

- অনেক আদালতে, যা ঘটছে তার সবকিছু টেপ রেকর্ড করা হয়। পরিষ্কার ক'রে কথা বলার এটা আর একটা কারণ। এর মানে **তুমি শুধু মাথা নাড়িয়ে হ্যাঁ বা না বলতে পার না। তোমাকে জোরে কথা বলতে হবে।**

- **তুমি আদালতকে যা বলবে, তা তোমার নিজস্ব সাক্ষ্য।** আদালত চায় তোমার নিজের ভাষায় তোমার কথা শুনতে। **কি বলতে হবে তা কেউ তোমাকে ব'লে দেবে না।**

- **উত্তর দেবার আগে তুমি সুনিশ্চিত ক'রে নেবে যে প্রত্যেকটি প্রশ্নের মানে তুমি বুঝতে পারছ।** যদি তুমি প্রশ্নের কিছু অংশ, বা শব্দ বা বাক্যাংশ বুঝতে না পার, তুমি তাদের **এটা বুঝিয়ে দিতে বলবে বা এটা অন্যভাবে বলতে বলবে।** শুধু আন্দাজ করার চেষ্টা কোরো না। প্রশ্ন করতে থাক যতক্ষণ না তুমি নিশ্চিত যে (প্রশ্নটি) বুঝতে পারছ।

- যদি তুমি সঠিক উত্তরটি নিশ্চিতভাবে না জান, অথবা কিছু মনে করতে না পার, সেকথা বিচারক বা উকিলকে বল। **তুমি আন্দাজে উত্তর দেবে না বা উত্তরটি বানিয়ে বলবে না।**

- **মনে রাখবে যে প্রকিউরেটর ফিসক্যাল বা উকিল যা বলবেন তাই তোমাকে মেনে নিতে হবে না** এবং তাদের শুধু খুশী করার জন্য তোমাকে কিছু বলতে হবে না। তুমি বানিয়ে কিছু বলবে না এবং কিছু বাদ দিয়ে বলবে না।

- **সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ যেটি তোমাকে করতে হবে তা হ'ল সত্য কথা বলা। সব সময় সত্য বলবে।**

# আদালত কক্ষে কাউকে সনাক্ত করা

আদালতে যাবার আগে, হয়ত পুলিস তোমাকে সেই লোকটিকে চিনিয়ে দিতে বলেছে, যার কথা তুমি তাদের কাছে বলেছ। যদি তুমি তা ক'রে থাক, আদালতে আবার তা করতে বোধ হয় তোমায় বলা হবে না।

কিন্তু মাঝে মধ্যে, সাক্ষীদের, আদালতে তারা যার সম্বন্ধে কথা বলছে তাকে সনাক্ত করতে বলা হয়। তোমাকে হয়ত আদালতে চারপাশটা ভালো ক'রে দেখে নিতে বলা হবে এবং ব্যক্তিটিকে দেখতে পাচ্ছ কি না তা বলতে বলা হবে।

**তুমি যথেষ্ট সময় নেবে এবং ভালো ক'রে চারদিক দেখবে।যদি তুমি ব্যক্তিটিকে দেখ, তাহ'লে তার দিকে অঙ্গুলি নির্দেশ করবে। যদি লোকটিকে দেখতে না পাও, তাহ'লে সেই কথাই বলবে।**

যদি আদালতে কাউকে দেখা নিয়ে তুমি খুব বিচলিত থাক, তুমি প্রকিউরেটর ফিসক্যাল বা উকিলকে সেই কথা বলবে অথবা এমন একজনকে বলবে যিনি তোমাকে সাহায্য করতে পারবেন।

# তোমাকে সাক্ষ্য দিতে সহায়তা করার জন্য বিশেষ ব্যবস্থা

আদালতে সাক্ষী হওয়া সহজ নয়, বিশেষ ক'রে ছোটদের জন্য। বড়রা বুঝতে পারবে যে তুমি হয়ত' বিচলিত বোধ করছ। **তোমাকে সাক্ষ্য দিতে সহায়তা করার জন্য তোমাকে নানা উপায়ের ব্যবস্থা ক'রে দেবার জন্য আইন আদালতকে অনুমতি দিয়েছে।**

প্রকিউরেটর ফিসক্যাল অথবা উকিল তোমাকে জিজ্ঞেস করবেন তুমি কি তোমার সাক্ষ্য দিতে চাও ঃ

- **আদালত কক্ষে একটি স্ক্রীন ব্যবহার ক'রে**
- **আদালত বিলডিং-এর ভেতরে অন্য একটি ঘরে টেলিভিশন সংযোগ ব্যবহার ক'রে**
- **তোমার সঙ্গে একজন পৃষ্ঠপোষক থাকার ব্যবস্থা ক'রে যখন তুমি স্ক্রীন অথবা টেলিভিশন সংযোগ ব্যবহার করছ**

প্রকিউরেটর ফিসক্যাল, আইনজীবী, ভি আই এ(VIA), উইটনেস সার্ভিস অথবা সমাজসেবী এই সব বিভিন্ন পন্থা তোমাকে ব্যাখ্যা ক'রে সাহায্য করতে পারেন। **এই বিভিন্ন পন্থাগুলিকে বলা হয় 'বিশেষ ব্যবস্থা'।**

# টেলিভিশন সংযোগের ব্যবহার

**আদালত কক্ষে না গিয়ে, টেলিভিশন সংযোগ ব্যবহার ক'রে তুমি সাক্ষী হতে পারো।** লোক পরিপূর্ণ আদালত কক্ষে যেতে যদি তুমি বিচলিত বোধ করো তাহ'লে এতে তোমার উপকার হবে। **আদালতে সাক্ষ্য দেবার জন্য এই টেলিভিশন তুমি ব্যবহার করতে পারো।**

আদালত যে বিলডিং-এ অবস্থিত, টেলিভিশন সংযোগ কক্ষটিও সাধারণতঃ সেখানেই থাকে। আদালত কক্ষের সঙ্গে টেলিভিশনটি সংযুক্ত যেখানে বিচারক এবং উকিলদের কাছেও টেলিভিশন এবং ক্যামেরা আছে। যখন এগুলোর সুইচ অন করা হবে, **তুমি যে ব্যক্তি তোমাকে প্রশ্ন জিজ্ঞাসা করছেন তাকে দেখতে পাবে ও তার কথা শুনতে পারবে, কিন্তু তুমি অন্য কাউকে দেখতে পাবে না। আদালত কক্ষে উপস্থিত সবাই তোমাকে দেখতে পাবে ও তোমার কথা শুনতে পারবে।**

বিচারক টেলিভিশন ও ক্যামেরাকে নিয়ন্ত্রণ করেন। যখন উকিলরা তোমার সঙ্গে কথা বলছেন তখনও বিচারক সবসময় তোমার কথা শুনতে পারবেন এবং তোমাকে দেখতে পাবেন এবং অন্যকেও দেখতে পাবেন যে তোমার পৃষ্ঠপোষকতা করার জন্য কক্ষে রয়েছে।

যদি তুমি টেলিভিশন সংযোগটি ব্যবহার করার চেষ্টা করো, কিছু বিষয় আছে যা তোমার জানা উচিত ঃ

- বিচারক এবং উকিলদের লিখে নেবার জন্য কিছু বিষয় থেকে যায় এবং এর জন্য বেশ সময় লাগে। যদি দুটি প্রশ্নের মাঝখানে ব্যবধান থাকে তাহ'লে চিন্তিত হয়ো না।

- মাঝে মাঝে উকিলরা মুখ ঘুরিয়ে বা পেছন ফিরে আদালত কক্ষে বিচারকের সাথে বা অন্যদের সাথে কথা বলেন।

- কখনও কখনও বিচারক ক্যামেরা বন্ধ ক'রে দেন যাতে তারা কোনো আইনের সমস্যা নিয়ে আলোচনা করতে পারেন। এটা স্বাভাবিক।

যদি টেলিভিশন বা ক্যামেরার কোনো সমস্যা তোমার চোখে পড়ে, তুমি বিচারককে সেকথা জানাবে।
উদাহরণস্বরূপ ঃ

- যদি তুমি উকিলের মুখমন্ডল অথবা মাথার কিয়দংশ শুধু দেখতে পাও;
- অথবা যখন তারা প্রশ্ন করছেন তা ঠিকমত শুনতে না পাও।

আদালতে তোমার না যেতে পারার যদি কোনো নির্দিষ্ট কারণ থাকে, তাহ'লে আদালত থেকে দূরে আলাদা কোনো বিলডিং-এর কোনো একটা ঘরে টেলিভিশন সংযোগ ব্যবহার করতে পারো। তুমি এ সম্বন্ধে জিজ্ঞাসা ক'রে জেনে নিও।

# স্ক্রীন ব্যবহার করা

**কোনো কোনো ব্যক্তি সাক্ষ্য দেবার জন্য আদালত কক্ষে যাওয়া বেশি পছন্দ করে। স্ক্রীন ব্যবহার ক'রে তুমি সাক্ষ্য দিতে পারো।** যদি কোনো নির্দিষ্ট ব্যক্তিকে আদালত কক্ষে দেখলে তুমি বিচলিত বোধ কর তাহলে এর দ্বারা উপকার হবে।

আদালত কক্ষে একটা স্ক্রীন টাঙানো যেতে পারে, তাহ'লে তুমি ওই লোকটিকে দেখতে পাবে না। পর্দার মতই স্ক্রীন হ'ল 'রুম ডিভাইডার'।

**তুমি লোকটিকে দেখতে পাবে না ঠিকই, কিন্তু তুমি বিচারক, প্রকিউরেটর ফিসক্যাল, উকিল, জুরি এবং অন্যান্য আদালত কর্মীদের দেখতে পাবে।**

স্ক্রীনের সঙ্গে ক্যামেরা থাকে যাতে স্ক্রীনের আর এক ধারে সকলে, যার মধ্যে অভিযুক্ত ব্যক্তিও আছে, তোমাকে দেখতে পান।

# কোনো পৃষ্ঠপোষককে সঙ্গে রাখা

**স্ক্রীন বা টেলিভিশন সংযোগ যেমন তুমি পেতে পারো তুমি একজন 'পৃষ্ঠপোষককে'ও সঙ্গে রাখতে পারো।** কোনো কোনো অল্পবয়সী ছেলেমেয়ের সঙ্গে **বড় কোনো (প্রাপ্তবয়স্ক কোনো লোক) পৃষ্ঠপোষক, সমস্ত সময় আদালতে, আদালত কক্ষে, বা টেলিভিশন সংযোগ ঘরে বসে থাকলে তাদের উপকার হতে পারে।**

আদালত তোমাকে জিজ্ঞাসা করবে তুমি এরকম চাও কি না, এবং তুমি ভালো ক'রে চিন্তা ক'রে নেবে তোমার পাশে থাকার জন্য সবচেয়ে ভালো কে হতে পারে। উইটনেস সার্ভিস থেকে একজন কেউ বা অন্য কোনো সংস্থা থেকে আর কেউ, কোনো শিক্ষক বা শিক্ষিকা, সমাজসেবী বা তোমার কোনো আত্মীয় তোমার পৃষ্ঠপোষক হতে পারেন।

**তুমি যদি স্ক্রীন বা টেলিভিশন সংযোগ না চাও, তা সত্ত্বেও তুমি আদালতে তোমার সঙ্গে একজন পৃষ্ঠপোষককে থাকার জন্যে বলতে পারো।**

# তোমার সাক্ষ্যদানে সাহায্য করার জন্য অন্যান্য বিশেষ ব্যবস্থা

**পূর্বতন বিবৃতি**

যখন তুমি পুলিস বা আইনজীবীদের সঙ্গে কথা বলেছিলে তখন ভিডিও বা টেপরেকর্ডিং করা হয়েছিল। তুমি যা বলেছিলে তা পুলিস লিখেও নিয়েছিল। এসব পূর্ব বিবৃতি নামে পরিচিত।

আদালতে আইনজীবীদের সামনে বা অন্যান্য ব্যক্তিদের সামনে এই ভিডিও বা টেপরেকর্ড চালানো যেতে পারে এবং লিখিত বিবরণ (নোটস্) প'ড়ে শোনানো যেতে পারে।

যদি তাই করা হয়, তোমাকে দেখতে অথবা শুনতে বলা হবে। তারপর তুমি যা বলেছ সে সম্বন্ধে প্রশ্ন জিজ্ঞাসা করা হবে।

**কমিশনে সাক্ষ্য**

2005-এর নভেম্বর মাস থেকে, কয়েকটি কেসে, প্রকিউরেটর ফিসক্যাল বা আইনজীবীও আদালতে মকদ্দমা শুরু হবার আগেই তোমার সাক্ষ্য নেওয়া স্থির করতে পারেন। এতে উপকার হয় যদি আদালতে মকদ্দমা শুরু হ'তে অনেক দিন দেরী হয়। তারা যদি এরকম চান, তাহ'লে তারা তোমার সঙ্গে কথা বলবেন এবং ব্যাখ্যা করবেন এর মানে কি এবং এতে তোমার কি লাভ হবে।

**অন্যান্য বিষয় যা তোমাকে সাহায্য করতে পারে**

আদালতে কিছু কিছু ব্যক্তি তাদের পরনের জামাকাপড়ের উপর একটি গাউন ও মাথায় উইগ প'রে থাকেন। যখন কোনো অল্পবয়সী ছেলেমেয়ে সাক্ষী হয়, বিচারক এবং উকিলদের এগুলো না পরতে বলা হতে পারে। তুমি যদি না চাও যে তারা উইগ এবং গাউন পরুন, কাউকে সে কথা বল।

আদালত সকলের জন্য উন্মুক্ত থাকে, কিন্তু কখনও কখনও যখন তুমি সাক্ষ্য দিচ্ছ, বিচারক জনতাকে আদালত থেকে চলে যেতে বলতে পারেন। তুমি প্রকিউরেটর ফিসক্যাল বা আইনজীবীকে এ সম্বন্ধে জিজ্ঞাসা কোরো।

# কোনো বিশেষ ব্যবস্থা বেছে নেওয়া

**সাক্ষ্য দিতে আসার আগে, আদালতকে জানাতে হবে কোন বিশেষ ব্যবস্থা ব্যবহার করতে তুমি পছন্দ করো।**

**প্রকিউরেটর ফিসক্যাল অথবা আইনজীবীকে জানানো এটা খুবই গুরুত্বপূর্ণ** যে সাক্ষী হবার ব্যাপারে তোমার মনোভাব কি এবং কি কি বিষয়ে তোমার উদ্বেগ হ'তে পারে।

তখন তারা তোমার জন্য কোন বিশেষ ব্যবস্থাটি সর্বোত্তম হবে তা স্থির করতে সক্ষম হবেন। এই পুস্তিকাটি প'ড়েও তোমার ধারণা জন্মাবে কোন ব্যবস্থাটি তুমি ব্যবহার করতে চাও।

কোনো অতিরিক্ত সহায়তা ছাড়াই সাক্ষী হতে তোমার ভালোই লাগবে। তুমি হয়ত স্ক্রীন বা টেলিভিশন সংযোগ চাইবে না।

তুমি এ বিষয়ে খুব যত্নসহকারে চিন্তা করবে এবং আরও তথ্য চাইবে যাতে ব্যাপারটা কিরকম হবে তা তুমি ভালো ক'রে হৃদয়ংগম করতে পারো।

**মনে রেখো আদালত প্রত্যাশা করবে যে সব অল্পবয়সী ছেলেমেয়েরা সাহায্য চাইবে।**

আদালতে (সাক্ষ্য দেবার) তারিখ এগিয়ে আসতে থাকলে তুমি হয়ত ভিন্ন ধরণে সাক্ষ্য দিতে চাইবে। প্রকিউরেটর ফিসক্যাল, ভিআইএ অথবা আইনজীবীকে একথা বল এবং তারা আলোচনা ক'রে বলবেন কি করা যাবে।

# আদালত পরিদর্শন

তুমি হয়ত' আদালতে আগে কখনও যাও নি।

**যদি আদালত আগে থেকে ঘুরে দেখে নেয় এবং জেনে রাখে কি হবে তাহ'লে অনেক অল্পবয়সী ছেলেমেয়েরা অনেক বেশি স্বস্তি অনুভব করে।**

এটা বেশ একটা ভালো আইডিয়া। তুমি (আদালতের) চারদিক ঘুরে দেখবে, আদালত কর্মীদের সঙ্গে দেখা করবে এবং যদি চাও স্ক্রীন ব্যবহার ক'রে বা টেলিভিশন সংযোগ ব্যবহার ক'রে অভ্যাস ক'রে নিতে পারো। তুমি যদি অন্য কোনো জায়গা থেকে সাক্ষ্য দিতে চাও তাহ'লে আদালতের পরিবর্তে সেই জায়গাটা দেখার ব্যবস্থা কোরো।

ভিআইএ (VIA) তোমার জন্যে আদালত পরিদর্শনের ব্যবস্থা করবে অথবা তুমি আইনজীবীকে বলতে পারো। উইটনেস সার্ভিস তোমাকে চারিদিক ঘুরিয়ে দেখাবে এবং তোমার প্রশ্নের উত্তর দিতে সাহায্য করবে।

তুমি সিডি-রমে (CD-ROM) অর্থাৎ কম্পিউটারের মাধ্যমে 'কার্যতঃ' (ভারচ্যুয়ালি) আদালত কক্ষ দেখে নিতে পারো।

# সাক্ষ্য দেবার জন্য অপেক্ষা করা

**আদালত খুব কর্মব্যস্ত জায়গা, কোনো কিছু তৈরী ক'রে শুরু করার জন্য অনেক পরিকল্পনা ও প্রস্তুতির দরকার।** যদি তারিখ পেতেই দীর্ঘ সময় লেগে যায়, তাহ'লে তোমার তো বিরক্তি ও অসহ্য একটু লাগতেই পারে। তোমার যদি এরকম মনোভাব হ'তে থাকে, তাহ'লে প্রকিউরেটর ফিসক্যাল, আইনজীবী, ভিআইএ (VIA) বা উইটনেস সার্ভিসের কাউকে বা তোমার সমাজসেবী থাকলে তাকে একথা বল।

কখনও তোমাকে বলা হবে যে তারিখ বদলে গেছে বা তুমি হয়ত' সাক্ষ্য দিতে শুরু ক'রে দিয়েছ তখন সাক্ষ্যদান শেষ করার জন্য আর একদিন তোমাকে আসতে বলা হবে।

তোমার সাক্ষ্যদানের পালা আসার আগে পর্যন্ত তোমাকে হয়ত' অনেকক্ষণ অপেক্ষা করতে হবে। প্রকিউরেটর ফিসক্যাল এবং আইনজীবী সুনিশ্চিত করার চেষ্টা করবেন তোমাকে যেন বেশীক্ষণ অপেক্ষা করতে না হয়, **কিন্তু সময় কাটানোর জন্য সঙ্গে কিছু আনা ভালো প্রস্তাব।** বেশিরভাগ আদালতে বই বা সাময়িক পত্রাদি থাকে কিন্তু মনে হয় তোমার প্রিয় বই আনাই বেশি ভালো। **কোনো কোনো আদালতে খাবার ও পানীয় তুমি কিনতে পারবে কিন্তু আদালতে যাবার আগে এ বিষয়ে খোঁজখবর নিও।** অন্যথায়, সঙ্গে কিছু নিয়ে আসা ভালো।

# তোমার সাক্ষ্যদান শেষ হয়ে গেলে তারপর কি হবে?

বিচারক, প্রকিউরেটর ফিসক্যাল এবং অন্যান্য আইনজীবীরা তোমাকে তাদের প্রশ্ন জিজ্ঞাসা ক'রে নেবার পর, বিচারক বলবেন তোমার সাক্ষ্যদান শেষ হয়েছে।

**তূমি খুব গুরুত্বপূর্ণ একটা কাজ শেষ করেছ।**

**সাবাশ এবং ধন্যবাদ।**

বিচারক এবং জুরি তখনই হয়ত' কোনো সিদ্ধান্তে পৌঁছতে পারবেন না কারণ হয়ত' আরও সাক্ষী সাক্ষ্য দেবে। কোনো কোনো বিচার করতে কয়েকদিন বা তার চেয়েও বেশিদিন লাগে।

যদি বিচারক এবং জুরি সম্পূর্ণভাবে সুনিশ্চিত হয়ে যান যে অভিযুক্ত ব্যক্তি সত্যিই আইন ভঙ্গ করেছে তাহ'লে তারা তাকে দোষী সাব্যস্ত করবেন। যে কোনো দন্ডের বিষয়ে বিচারককে সিদ্ধান্ত নিতে হবে।

যদি বিচারক এবং জুরি পুরোপুরি নিশ্চিত না হন যে কেউ আইনভঙ্গ করেছে কি না, তারা বলবেন যে সে দোষী নয় এবং কেস প্রমাণ করা যায় নি। বিচারক তখন অভিযুক্ত ব্যক্তিকে বলবেন যে সে মুক্ত।

আদালতের সিদ্ধান্ত সম্বন্ধে তোমাকে কেউ জানিয়ে দেবে। তুমি যদি ফলাফল সম্পর্কে স্থিরনিশ্চিত না হও বা বুঝতে না পারো তাহ'লে ভিআইএ (VIA) বা প্রকিউরেটর ফিসক্যাল বা আইনজীবীর সঙ্গে কথা বলার জন্য বলো এবং তোমাকে এ বিষয়টি বুঝিয়ে দিতে তাদের বলো।

**ফলাফল যাই হোক না কেন, মনে রেখো সাক্ষী হিসাবে তোমার কাজটি কেসের খুব গুরুত্বপূর্ণ অংশ।**

# সাহায্য চাইবার কথা মনে রেখো

**কেসটি শুরু হবার আগে তুমি যে বিষয় সম্বন্ধে স্থিরনিশ্চিত নও সে বিষয়ে প্রকিউরেটর ফিসক্যাল, ভিআইএ, উইটনেস সার্ভিস বা আইনজীবীর কাছে জিজ্ঞাসা ক'রে নিও।**

যে কোনো বিষয় যাতে তুমি বিচলিত বোধ করছ সে বিষয়ে তাদের তুমি অবশ্যই বলবে। তাদের বলো তোমার মনের ভাব কি।

তুমি যাতে আদালত কক্ষ বা অন্য কোনো টেলিভিশন সংযোগ কক্ষ দেখার সুযোগ পাও সে বিষয়টি সুনিশ্চিত করবে।

**তুমি চিন্তা ক'রে দেখবে ঃ**

- **কোন বিশেষ ব্যবস্থা তুমি ব্যবহার করতে চাও**
- **সঙ্গে তুমি কি নিয়ে যেতে চাও**
- **তোমার সঙ্গে কে যাবে**
- **তোমার পৃষ্ঠপোষক কে হবেন**
- **আর কি সাহায্য তোমার প্রয়োজন হতে পারে**

যখন তুমি সাক্ষ্য দিচ্ছ, আদালত কক্ষে লোকেদের তোমার যে সাহায্যেরই প্রয়োজন হবে সেকথা জানাবে।

**তুমি আদালত কক্ষে লোকেদের সবসময়ই বলবে যদি ঃ**

- **তুমি কোনো বিষয় বুঝতে না পার**
- **তোমার টিস্যুকাগজ বা পানীয় জল চাই**
- **তোমার নিজেকে অসুস্থ বা ক্লান্ত মনে হয়**

**সকলে তোমাকে যথাসাধ্য সাহায্য করার চেষ্টা করবে।**

# প্রশ্ন?

সাক্ষী হবার বিষয়ে তোমার কোনো প্রশ্ন থাকলে তা লিখে নিলে উপকার হবে কারণ তুমি তাহ'লে প্রকিউরেটর ফিসক্যাল, ভিআইএ অথবা আইনজীবী বা যে ব্যক্তি তোমাকে আদালত ঘুরিয়ে দেখাবেন তাকে প্রশ্নগুলি দেখাতে পারো।

এখানে কতগুলি বিষয় দেওয়া হ'ল যা সম্বন্ধে তুমি চিন্তা করো এবং উত্তর দিতে চেষ্টা করো ঃ

| প্রশ্ন? | উত্তর |
|---|---|
| কোথায় আমি প্রকিউরেটর ফিসক্যাল বা আইনজীবীর সঙ্গে দেখা করতে চাই? | |
| প্রকিউরেটর ফিসক্যাল বা আইনজীবীর সঙ্গে দেখা করার সময় কাকে আমি আমার সঙ্গে রাখতে চাই? | |
| আমি কি স্ক্রীন বা টিভি সংযোগ ব্যবহার করতে চাই? | |
| আমার কি পৃষ্ঠপোষক চাই? | |
| কে আমার পৃষ্ঠপোষক হতে পারেন? | |
| আমার কোন কোন বিষয়ে উদ্বেগ হচ্ছে? | |
| আমি কি আদালত পরিদর্শন করতে চাই? | |
| বিচারককে আমি কিভাবে সম্বোধন করব? | |

# তোমার কি আরও অন্য প্রশ্ন আছে?

| প্রশ্ন? | উত্তর |
|---|---|
| | |
| | |
| | |
| | |
| | |

প্রকিউরেটর ফিসক্যাল, ভিআইএ (VIA) অথবা আইনজীবী তোমার সব প্রশ্নের উত্তর দিতে চেষ্টা করবেন।

**আমাদের বিচার ব্যবস্থা সাক্ষীদের আদালতে আসার ওপর এবং তারা যা জানে সে সম্পর্কে সত্যিকথা বলার ওপর নির্ভর করে।**

**সাক্ষীরা না থাকলে আদালত ঠিকমত চলবে না।**

মনে রেখো যে প্রত্যেক সাক্ষী সম্পূর্ণ কেসটির শুধু এক অংশ।

যখন তুমি সাক্ষী হয়েছ, আদালত যা করার সিদ্ধান্ত নিয়েছে তার জন্যে তুমি দায়ী নও।

**সাক্ষী হবার জন্য তোমাকে ধন্যবাদ।**

# পরিভাষা - এই শব্দগুলির অর্থ কি?

**আদালতে, লোকেরা অনেক শব্দ বা বাক্য ব্যবহার করে যা তুমি আগে কখনও শোন নি। এখানে কতগুলি শব্দের তালিকা দেওয়া হ'ল ঃ**

**অভিযুক্ত ব্যক্তি ঃ** এক ব্যক্তি যার বিচার হচ্ছে, যাকে আইনভঙ্গের অপরাধে অভিযুক্ত করা হয়েছে

**অ্যাডভোকেট ডেপিউট ঃ** মকদ্দমার বাদী পক্ষের আইনজীবী যিনি উচ্চ আদালত বা হাইকোর্টে আসেন - প্রকিউরেটর ফিসক্যাল দেখুন

**অ্যালিগেশন (অভিযোগ) ঃ** কেউ অভিযোগ করেছে যে এই ঘটনা ঘটেছে

**চার্জ (অপরাধ) ঃ** অপরাধ যে কারণে অভিযুক্ত ব্যক্তির বিচার হচ্ছে

**সাইটেশন (উদ্ধৃতি) ঃ** অফিশিয়াল ফর্ম অথবা চিঠি যাতে সাক্ষীকে নির্দিষ্ট তারিখে নির্দিষ্ট আদালতে যেতে বলা হয়

**ক্লার্ক (আদালতের) ঃ** যে ব্যক্তি আদালতের কাগজপত্র নথি ইত্যাদি যত্ন ক'রে রেখে দেয়

**অপরাধ করা ঃ** অপরাধ করা বা আইনভঙ্গ করা একই কথা

**কমপ্লেইন্ট (অভিযোগ) ঃ** যে বিবৃতিতে আইন ভঙ্গ করেছে ব'লে কারুর ওপর দোষারোপ করা হয়েছে - এটা একটা আদালতের দলিলও হতে পারে যেখানে অভিযুক্ত ব্যক্তি যে অপরাধের জন্য বিচারাধীন রয়েছে সেই অপরাধের বিবরণ দেওয়া হয়েছে।

ক্রস এগজামিনেশন ঃ যে ব্যক্তি সাক্ষীকে আদালতে আসতে বলেছে তার পর অন্য আইনজীবীদের দ্বারা প্রশ্ন জিজ্ঞাসা - দেখুন পরীক্ষা (প্রধান)

**ক্রাউন অফিস ঃ** যে স্থানটি কেসগুলিকে আদালতে নিয়ে আসার দায়িত্বে আছে - দেখুন মকদ্দমা

**কোর্ট কেস (আদালতের কেস) ঃ** ব্যক্তির বিচার/বা আদালতের কার্যকলাপ

**আদালতের অফিসার (কখনও কখনও এঁকে মেসারও বলা হয়) ঃ** যে ব্যক্তি বিচারককে সাহায্য করে - তারা আদালতে প্রত্যেকটি সাক্ষীকে আদালতে ডাকে

**আদালত পরিদর্শন ঃ** বিচারের আগে আদালত ঘুরে দেখা যাতে সাক্ষী বুঝতে পারে আদালত স্থানটি কেমন এবং আদালতের প্রক্রিয়া পদ্ধতি সম্বন্ধে অনেক কিছু জানতে পারে

**প্রতিবাদী পক্ষের কৌসুলী (ডিফেন্স কাউন্সেল) ঃ** উকিল যিনি অভিযুক্ত ব্যক্তির প্রতিনিধিত্ব করেন এবং আদালতে তাকে সাহায্য করেন।

**সাক্ষ্য (প্রমাণ) ঃ** সাক্ষী আদালতে যা বয়ান দেয় - এতে ফোটো, জামাকাপড়, আঁকা ইত্যাদি থাকতে পারে যা আদালতে নিয়ে আসা হয় কি ঘটেছিল তা দেখাবার জন্য

**পরীক্ষা (প্রধান)** ঃ সেই আইনজীবীর দ্বারা জিজ্ঞাসিত হওয়া, যিনি সাক্ষীকে আদালতে আসতে বলেছিলেন। এই উকিল সাক্ষীকে সর্বপ্রথম প্রশ্ন করবেন - অন্য সব উকিলদের প্রশ্ন করার আগে - পারস্পরিক প্রশ্ন দেখুন।

**আইডেনটিফিকেশন (সনাক্তকরণ)** ঃ সাক্ষী কোনো ব্যক্তির বিষয়ে কথা বলার সময় যখন তার দিকে অঙ্গুলি নির্দেশ ক'রে দেখায় - এটা কখনও কখনও আদালতের কেস শুরু হবার আগে হয়ে থাকে অথবা এটা আদালতেও ঘটতে পারে

**ইনডাইটমেন্ট (অভিযোগপত্র)** ঃ উচ্চ আদালতে বা শেরিফ এবং জুরি আদালতে আদালতের দলিল - এতে যে অপরাধের জন্য দোষীর বিচার হবে সেই অপরাধের কথা বর্ণিত আছে

**বিচারক** ঃ যে ব্যক্তি বিচারের দায়িত্বভার গ্রহণ করেছেন এবং যিনি আদালত কক্ষের ঘটনা নিয়ন্ত্রণ করেন - দেখুন শেরীফ

**জুরি** ঃ পনেরজন পুরুষ এবং মহিলা (জুরর) যারা সাক্ষ্যপ্রমাণ মন দিয়ে শোনেন এবং অভিযুক্ত ব্যক্তি অপরাধী কি না সে বিষয়ে সিদ্ধান্ত নেন

**শপথঃ** সাক্ষী যে ধর্মীয় প্রতিজ্ঞা নেয় যে আদালতে সাক্ষ্যদানের সময় সে সত্যিকথা বলবে - শপথ ছাড়াও সাক্ষী প্রতিজ্ঞা করতে পারে যে সে সত্যি বলবে - তুমি এ সম্বন্ধে প্রশ্ন করতে পারো

**প্লি (প্রতিবাদীর জবাব)** ঃ বিচারের প্রারম্ভে যখন তাকে জিজ্ঞাসা করা হয় সে দোষী না নির্দোষ তার উত্তরে অভিযুক্ত ব্যক্তি যে জবাব দেয়

**প্রিকগ্‌নিশন (পূর্ববর্তী জ্ঞান)** ঃ প্রকিউরেটর ফিসক্যাল বা প্রতিবাদী পক্ষের উকিলরা সাক্ষীকে আদালতের কেসের জন্য প্রস্তুত করার জন্য সাক্ষীর যে সাক্ষাৎকার নেন

**প্রকিউরেটর ফিসক্যাল** ঃ একজন আইনজীবী যিনি মকদ্দমার পক্ষে কাজ করেন - ক্রাউন অফিস দেখুন। কেসটি আদালতে আনা হবে কি না সে বিষয়ে তারা সিদ্ধান্ত নেন

**প্রসিকিউশন (মকদ্দমা)** ঃ কারুর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া এবং কেসটি আদালতে ওঠানো - প্রকিউরেটর ফিসক্যাল এবং ক্রাউন অফিস দেখুন

**প্রোডাকশন্স (দ্রব্য)** ঃ যে সমস্ত বস্তু আদালতে প্রমাণ হিসাবে দেখানো হয় যেমন চিঠি বা জামাকাপড়

**সেনটেন্স (দন্ড)** ঃ যখন অভিযুক্ত ব্যক্তি আইনভঙ্গের অপরাধে অপরাধী ব'লে প্রমাণ হয়েছে তখন বিচারকের সিদ্ধান্ত - এটি দোষী ব্যক্তিকে সাজা বা দন্ড দেওয়াও হতে পারে

**শেরীফ** ঃ শেরীফ আদালতে বিচারকের নাম

# পরিভাষা - এই শব্দগুলির অর্থ কি?

**সমাজসেবী ঃ** বাচ্চা এবং বড়দের জন্য যে ব্যক্তি কাজ করে যখন তাদের অতিরিক্ত সাহায্যের বা তত্ত্বাবধানের প্রয়োজন হয়

**বিশেষ ব্যবস্থা ঃ** বাচ্চা সাক্ষী বা অরক্ষিত প্রাপ্তবয়স্ককে সাক্ষ্যদানে সাহায্য করার জন্য নানা উপায় - যেমন টেলিভিশন সংযোগ বা স্ক্রীন - দেখুন পৃষ্ঠপোষক ব্যক্তি

**স্টেটমেন্ট (বয়ান) ঃ** সাক্ষী যা বলেছে পুলিসের দ্বারা নেওয়া তার লিখিত বিবরণ বা টেপ রেকর্ড

**পৃষ্ঠপোষক ব্যক্তি ঃ** সাক্ষী যখন আদালতে আসে যে ব্যক্তি তার সঙ্গে থাকতে পারে - বিশেষ ব্যবস্থা দেখুন

**বিচার ঃ** সাক্ষীরা যখন সাক্ষ্য দিতে আসে, আদালতে তখন যে আইনের কার্যধারা চলে

**রায় ঃ** বিচারের শেষে যে সিদ্ধান্ত নেওয়া হয়

**ভিআইএ ঃ** পুরো বাক্যটি হ'ল **ভিকটিম ইনফরমেশন এন্ড এডভাইস** (অপরাধে ক্ষতিগ্রস্ত ব্যক্তির জন্য তথ্য ও পরামর্শ)- (ভিআইএ) কর্মীরা প্রকিউরেটর ফিসক্যালের সঙ্গে কাজ করেন - তারা অপরাধে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ও কিছু কিছু সাক্ষীদের আদালতের কেস সম্বন্ধে তথ্য দিয়ে থাকেন

**সাক্ষী ঃ** কোনো ব্যক্তি যার কোনো বিষয়ে তথ্য জানা আছে এবং সেকথা তাকে আদালতে বলতে হ'তে পারে

**উইটনেস সার্ভিস (সাক্ষী পরিষেবা) ঃ** আদালতের ব্যক্তিগণ যারা সব সাক্ষীদের সহায়তা ও পরামর্শ দেন

# তোমার সংক্ষিপ্ত লিখিত বিবরণ

# তোমার সংক্ষিপ্ত লিখিত বিবরণ

অনুরোধ করলে এই ডকুমেন্টের আরও কপি অডিওতে, ছাপার বড় হরফে এবং সম্প্রদায়গুলির ভাষায় পাওয়া যাবে।
দয়া ক'রে 0131 244 2213 নম্বরে যোগাযোগ করুন।

© ক্রাউন কপিরাইট 2005

স্কটিশ একজিকিউটিভ ওয়েবসাইটে এই ডকুমেন্ট পাওয়া যাচ্ছে ঃ
www.scotland.gov.uk

Astron B41391 06/05 (Bengali)

আরও কপি পাওয়া যাবে
Blackwell's Bookshop
53 South Bridge
Edinburgh
EH1 1YS

টেলিফোন অর্ডার এবং অনুসন্ধান
0131 622 8283 অথবা 0131 622 8258

ফ্যাক্স অর্ডার
0131 557 8149

ইমেল অর্ডার
business.edinburgh@blackwell.co.uk

এই ডকুমেন্ট বা দলিলটি মূল দলিলের নির্ভুল বর্ণনা ব'লে মনে করা হয়

**w w w . s c o t l a n d . g o v . u k**